

শেকুবি উপাচার্ণের রুটিন দায়িত্বে রেজিস্ট্রার শেখ রেজাউল করিম

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্ণের দায়িত্ব পেয়েছেন রেজিস্ট্রার শেখ রেজাউল করিম। আজ রবিবার (২০ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব নীলিমা আফরোজ স্বাক্ষরিত এক আদেশে এ দায়িত্ব দেয়া হয়।

এতে উল্লেখ করা হয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্ণ নিযুক্ত না হওয়া পর্যন্ত প্রশাসনিক প্রয়োজনে অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার শেখ রেজাউল করিম উপাচার্ণের রুটিন দায়িত্ব পালন করবেন।

শেখ রেজাউল করিম ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার হিসেবে যোগদান করেন। যোগদানের আগে তিনি উপ-রেজিস্ট্রার হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কর্মরত ছিলেন। তিনি ২৫ নভেম্বর ১৯৬৮ সালে সাতক্ষীরার কলারোয়া জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স সহ স্নাতকোত্তর করেছেন। ১৯৯৫ সালে তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মজীবন শুরু করেছিলেন।

মো. বশিরুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭